**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 9/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল লং আইল্যান্ড সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের ব্যাপারে পরিকল্পনা ঘোষণা করলেন

## *সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনা আগামী বছরগুলির জন্য পানির মান, জীবন্ত সংস্থান রক্ষা, এবং জনগণের ব্যবহারের নির্দেশনা প্রদান করে*

## *জলবায়ু ও জাতীয় এস্‌টুয়ারিজ সপ্তাহের সময় এই ঘোষণা*

গভর্নর ক্যাথি হোকল আজকে 2022 আইল্যান্ড সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনার আপডেট ঘোষণা করলেন। পরিকল্পনাটি সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের (South Shore Estuary Reserve, SSER) বর্তমান অগ্রাধিকারসমূহের উপর জোর দেয়, যেমন জলবায়ু পরিবর্তন, স্থিতিস্থাপকতা, পানির মান, প্রাণীর আবাসস্থল পুনর্বাসন এবং জনগণের এস্‌টুয়ারি ব্যবহার। চূড়ান্ত 2022 লং আইল্যান্ড সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনার (Long Island South Shore Estuary Reserve Comprehensive Management Plan, CMP) আপডেট উপলভ্য আছে এখানে। ঘোষণাটি জাতীয় এস্‌টুয়ারিজ সপ্তাহের (National Estuaries Week) এবং জলবায়ু সপ্তাহের (Climate Week) সময় প্রদান করা হয়েছে।

"লং আইল্যান্ডের ওয়াটারওয়ে এবং উপকূলরেখা রক্ষা করা এর আগে কখনো এতো জরুরি ছিলো না, যেহেতু আমরা জলবায়ু পরিবর্তনের বর্ধিষ্ণু ও নজিরবিহীন প্রভাবের এবং পানির মান ও বাস্তুসংস্থানসংক্রান্ত স্বাস্থ্যের প্রতি নিয়মিত হুমকির সম্মুখীন হচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "আমি সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের জন্য এই সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনা ঘোষণা করতে পেরে গর্বিত, এটি একটি সমৃদ্ধ ও বৈচিত্র্যময় ইকোসিস্টেম যা শুধু লং আইল্যান্ডের অর্থনীতি, বিনোদন ও পর্যটনের জন্য মুখ্য লাভ প্রদান করে না, বরং নিউ ইয়র্ককে পরিবর্তনশীল জলবায়ুর জন্য আরো ভালোভাবে প্রস্তুতও করে।"

2022 লং আইল্যান্ড সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনার আপডেট সম্প্রদায়সমূহ এবং স্টেকহোল্ডারদের সাউথ শোরের মূল্যবান সংস্থান এবং এস্‌টুয়ারির অর্থনীতি ব্যবস্থাপনা, সুরক্ষা ও পুনর্বাসনের একটি নির্দেশনা প্রদান করে এবং একই সাথে সাউথ শোর এস্‌টুয়ারির ভবিষ্যতের স্থিতিস্থাপকতা নিয়ে কাজ করে। নিউ ইয়র্ক স্টেটের স্টেট ডিপার্টমেন্ট (New York State Department of State, DOS) পরিচালিত সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভ (SSER)

স্থাপিত হয় 1993 সালে, লং আইল্যান্ড সাউথ শোর এস্টুয়ারি রিজার্ভ আইনের মাধ্যমে, যা লং আইল্যান্ডের সাউথ শোর উপসাগরসমূহ এবং আইল্যান্ড এলাকাসমূহের দ্বারা এগুলির নিষ্কাশন থেকে সুরক্ষা এবং দূরদর্শী ব্যবস্থাপনার আহ্বান করে। SSER স্টেট এবং স্থানীয় সরকার, অলাভজনক সংগঠন, একাডেমিয়া, স্থানীয় ব্যবসার স্বার্থ এবং জনগণকে একত্রিত করে SSER-র প্রাকৃতিক, বিনোদনমূলক, অর্থনৈতিক এবং শিক্ষামূলক সংস্থানের সংরক্ষণ, সুরক্ষা ও উন্নয়নের জন্য।

SSER-এ রয়েছে বিস্তৃত বালিময় সৈকত, একাধিক ম্যারিনা এবং অজস্র পার্ক ও প্রাকৃতিক সংরক্ষণ যা সাঁতার, নৌকা চালানো, মাছ ধরা, হাইক, বুনোপ্রাণী দেখা এবং বিশ্রামের সুযোগ প্রদান করে। এই এলাকাটি 1.5 মিলিয়ন মানুষের বাড়ি এবং SSER লং আইল্যান্ড পর্যটন, সামুদ্রিক খাবার এবং বিনোদনমূলক শিল্পের একটি নোঙ্গরস্বরূপ। রিজার্ভটি নাসাউ এবং সাফোক কাউন্টিসমূহের দক্ষিণ অংশজুড়ে বিস্তৃত এবং এখানে রয়েছে: লং বীচ সিটি; হেম্পস্টিড টাউন, অয়েস্টার বে, ব্যাবিলন, আইস্লিপ, ব্রুকহাভেন এবং সাউদ্যাম্পটনের অংশবিশেষ; এবং 28টি গ্রাম।

**স্টেটের সচিব রবার্ট জে. রড্রিগেজ বলেন,** "এই পরিকল্পনাটি স্থানীয় এস্টুয়ারি ইকোসিস্টেম ও তারা লং আইল্যান্ডের সম্প্রদায়সমূহকে যেই দুর্দান্ত সেবাদান করে তার ভবিষ্যৎ ব্যবস্থাপনা, সুরক্ষা ও পুনর্বাসনের জন্য অত্যাবশ্যকীয়। লং আইল্যান্ডের ওয়াটারওয়েগুলি তাদের অর্থনীতির প্রাণশক্তি, তাই এর সবথেকে মূল্যবান প্রাকৃতিক সংস্থানগুলির একটিকে রক্ষা করা অত্যাবশ্যকীয়। প্রতি বছর, সাউথ শোর এস্টুয়ারি মিলিয়ন মিলিয়ন বাসিন্দা ও পর্যটকদের অজস্র বিনোদনমূলক এবং অর্থনৈতিক সুযোগ প্রদান করে, আর তাই আমাদেরকে এটিকে রক্ষা করতে হবে। এই আপডেট করা সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনাটি সাউথ বড় এস্টুয়ারি রিজার্ভ পরিষদের আমাদের দুর্দান্ত অংশীদারদের পরিশ্রম ও নিবেদন ছাড়া সম্ভব হতো না, তাদের প্রতি আমরা অত্যন্ত কৃতজ্ঞ।"

**নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার এরিক কুলেসিড বলেন:** "আমাদের মধ্যে যারা ঘরের বাইরের স্থান ভালোবাসে তাদের জন্য গুরুত্বপূর্ণ এই সপ্তাহে লং আইল্যান্ডের সাউথ শোরের স্টুয়ার্ডশিপের পরিকল্পনার আমি প্রশংসা করছি। জনগণের ট্রিবিউটারি ও উপকূলরেখা ব্যবহার, যাওয়া আসা ও উপভোগ করার সক্ষমতা অতি গুরুত্বপূর্ণ এবং পরিকল্পনা আগামীতে ইতিবাচক ফল নিশ্চিত করবে।"

**নিউ ইয়র্ক স্টেটের পরিবহন ডিপার্টমেন্টের (Department of Transportation, DOT) কমিশনার ম্যারি টেরেস ডমিঙ্গেজ বলেন,** "গভর্নর হোকলের নেতৃত্বাধীন নিউ ইয়র্ক যখন জলবায়ু পরিবর্তনের প্রভাবের বিরুদ্ধে আমাদের লড়াই অগ্রসর করে যাচ্ছে, তখন স্টেটের পরিবহন ডিপার্টমেন্ট আমাদের অবকাঠামোতে স্থিতিস্থাপকতা গঠন করতে এবং একইসাথে আমাদের পরিবেশকে আরো টেকসই করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।সার্বিক সাউথ শোর ব্যবস্থাপনা পরিকল্পনাটি এমন একটি উপায় যা নিয়ে আমরা আমাদের পরিবেশ রক্ষা করতে এবং একইসাথে ভবিষ্যৎ প্রজন্মের জন্য স্থিতিস্থাপকতা গঠন করতে সকল পর্যায়ে আমাদের অংশীদারদের সাথে কাজ করছি।"

**নিউ ইয়র্ক স্টেটের এনভায়রনমেন্টাল কনজারভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) কমিশনার ব্যাসিল সেগোস বলেন,** "লং আইল্যান্ডের সাউথ শোর এস্‌টুয়ারি নিউ ইয়র্কের ম্যারিন ওয়াটারওয়ে নেটওয়ার্কের একটি কেন্দ্রীয় রত্ন, যা মূল্যবান সম্পদ ও আবাসস্থলকে সম্প্রদায়সমূহ ও ব্যবসাসমূহের সাথে সংযুক্ত করে যার দ্বারা নিউ ইয়র্কের ম্যারিন সংস্থানসমূহ লাভবান হয়। DEC গভর্নর হোকল, স্টেট ডিপার্টমেন্ট, এবং সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের অন্য অনেক অংশীদারের সাথে একত্রে কাজ করে যাবে যাতে মূল্যবান আবাসস্থল ও ম্যারিন জীবন সুরক্ষিত রাখতে ও সংরক্ষণ করতে দেশের শীর্ষস্থানীয় জলবায়ু আইনের সামগ্রিক লক্ষ্যকে সমর্থন করা যায়।"

**সাফোক কাউন্টির নির্বাহী স্টিভ বেলোন বলেন,** "সাউথ শোর এস্‌টুয়ারির নতুন পরিকল্পনা শেষ করা লং আইল্যান্ডের সাউথ শোর উপসাগরসমূহের পানির মান উন্নয়নের জন্য আমাদের প্রচেষ্টাসমূহের ক্ষেত্রে আরো একটি উল্লেখযোগ্য অগ্রগামী ধাপ। সাফোক কাউন্টি নিউ ইয়র্ক স্টেট প্রদত্ত দৃঢ় নেতৃত্বের জন্য কৃতজ্ঞ এবং আমাদের উপকূলীয় পানি যাতে পরিচ্ছন্নতর হয় এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য সম্পূর্ণ উপভোগ্য থাকে তা নিশ্চিত করার জন্য সরকারে আমাদের অংশীদারদের সাথে কাজ চালিয়ে যেতে উন্মুখ।"

**ব্যাবিলন টাউনের সুপারভাইজার রিচ শেফার বলেন,** "সাউথ শোর এস্‌টুয়ারির ব্যাবিলন টাউন এবং পুরো স্টেটের জন্য একটি দুর্দান্ত অর্থনৈতিক ও সামাজিক গুরুত্ব রয়েছে। এই CMP আপডেটটি এটি নিশ্চিত করতে সাহায্য করবে যাতে এস্‌টুয়ারি আগামী প্রজন্মসমূহের জন্য সুরক্ষিত থাকে।"

**হেম্পস্টিড টাউনের সুপারভাইজার ডোনাল্ড ক্ল্যাভিন জুনিয়র বলেন,** "লং আইল্যান্ড সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভ পরিবেশগত বৈচিত্র্যের একটি সমৃদ্ধ বিস্তারের বাড়ি, এবং এটি আমাদের টাউনের অনন্য উপকূলীয় প্রাকৃতিক এলাকার বুননে ব্যাপক অবদান রাখে। হেম্পস্টিড টাউন সরকারের সকল পর্যায়ে আমাদের অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাবে আমাদের সাউথ শোর পরিবেশকে আগামী প্রজন্মসমূহের জন্য নিরাপদ রাখা নিশ্চিত করতে। মিউনিসিপ্যাল পরিবেশগত স্টুয়ার্ডশিপে রয়েছে আমাদের টাউনের নিবেদিত কনজার্ভেশন দলের সক্ষমতাকে কাজে লাগানো, এবং লং আইল্যান্ডে পরিবেশ রক্ষার দায়িত্ব পাওয়া কনজার্ভেশন সংগঠন ও অন্যান্য এজেন্সির সাথে নিয়মিত যোগাযোগ ধরে রাখা।"

**সাউদ্যাম্পটন টাউনের সুপারভাইজার জে স্নাইডারম্যান বলেন,** "সাউদ্যাম্পটন টাউন 2022 লং আইল্যান্ড সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনাকে সম্পূর্ণ সমর্থন করে, যেহেতু এটি আমাদের অঞ্চলের অতি গুরুত্বপূর্ণ পানির মান উন্নয়ন, ইকোসিস্টেম পুনরুদ্ধার, জলবায়ু পরিবর্তন এবং উপকূলীয় স্থিতিস্থাপকতা নিয়ে কাজ করে। পরিকল্পনাটি অসাধারণ, যেহেতু এটি স্থানীয় সরকার, ভূমি ব্যবস্থাপক, গবেষক এবং অন্যান্য স্টেকহোল্ডারদের এই লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ও হাতিয়ার প্রদান করে। স্টেট ডিপার্টমেন্ট যেইসব সমস্যার সম্মুখীন হয় তা মাথায় রেখে, টাউন এমন লক্ষ্য অর্জনে DOS-র দুরহ প্রচেষ্টার প্রশংসা করছে এবং স্টেট ও আমাদের বহু অংশীদারদের সাথে সবথেকে ঐতিহাসিক ও মূল্যবান এই পরিকল্পনা বাস্তবায়নে কাজ অব্যাহত রাখতে উন্মুখ রয়েছে।"

**ব্রুকহাভেন টাউনের সুপারভাইজার এড রোমেইন বলেন,** "সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভ পরিষদের একজন সদস্য হিসেবে, আমি লং আইল্যান্ডে আমরা যেই পরিবেশগত সমস্যার সম্মুখীন হই তা নিয়ে বিশেষভাবে অবগত আছি। জলবায়ু পরিবর্তন নির্দেশনা এবং ভবিষ্যতের জন্য সাধারণ বুদ্ধির সমাধান প্রদান করে এমন একটি কর্মপরিকল্পনা স্থাপন করাকে প্রয়োজনীয় করেছে। আমরা আজকে আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখতে ও সংরক্ষণ করতে যেই পদক্ষেপ গ্রহণ করবো তা আগামী প্রজন্মের জন্য এস্‌টুয়ারি এবং আমাদের সকল ওয়াটারওয়েকে প্রভাবিত করবে।"

**আইস্লিপ টাউনের সুপারভাইজার অ্যাঞ্জি কার্পেন্টার বলেন,** "আইস্লিপ অনেক সুন্দর ওয়াটারওয়ে, ইনলেট, প্রাকৃতিক আবাসস্থল এবং আমাদের টাউন ও বাসিন্দাদের জন্য সত্যিকারের সম্পদের বাড়ি। আমাদের পরিবেশের হিতকারী হিসেবে আমাদের দায়িত্ব হলো এই প্রাকৃতিক সৌন্দর্যের সংরক্ষণে কাজ চালিয়ে যাওয়া। এই সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনাটির উদ্দেশ্য ঠিক তাই করা, এবং আমাদের সন্তান, নাতি নাতনি এবং আগামী প্রজন্মের জন্য এইসব অত্যাবশ্যকীয় আবাসস্থল সংরক্ষণ করে রাখা নিশ্চিত করতে এটি কাজ করবে।"

**নেচার কনজারভেন্সি-নিউ ইয়র্কের জলবায়ু অভিযোজনের (Climate Adaptation at The Nature Conservancy-New York) পরিচালক অ্যালিসন ব্র্যাঙ্কো বলেন,** "নেচার কনজারভেন্সি লং আইল্যান্ড সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভের সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনার 2022 আপডেট উদযাপন করতে নিউ ইয়র্ক স্টেট এবং স্থানীয় সম্প্রদায়গুলির সাথে যোগ দিতে পেরে আনন্দিত। গত 20 বছর ধরে, এটি স্পষ্ট হয়েছে যে জলবায়ু পরিবর্তন সাউথ শোর এস্‌টুয়ারির সকলকে এবং সবকিছুকে প্রভাবিত করে। হালনাগাদ করা পরিকল্পনাটিতে সেই উপলব্ধি রয়েছে এবং এটি কীভাবে এই অতি গুরুত্বপূর্ণ সংস্থানকে সুরক্ষা, পুনর্বাসন ও ব্যবস্থাপনা করতে হবে সেই ব্যাপারে নির্দেশনা প্রদান করে। আমরা স্টেট ডিপার্টমেন্টের প্রশংসা করছি লং আইল্যান্ডের মানুষ ও বুনোপ্রাণীর প্রতি তাদের অব্যাহত প্রতিশ্রুতির জন্য।"

**পরিবেশের নাগরিক ক্যাম্পেইনের (Citizens Campaign for the Environment) নির্বাহী পরিচালক এড্রিয়ান এসপোসিটো বলেন,** "লং আইল্যান্ডবাসীরা আমাদের সৈকত, উপসাগর এবং হার্বারকে ভালোবাসে। এই প্রাকৃতিক সম্পদগুলির পুনর্বাসন আমাদের জীবনের মান ও স্থানীয় অর্থনীতির জন্য অতি গুরুত্বপূর্ণ। ভালো খবর এই যে আমরা অগ্রগতি করছি। আমরা সংবেদনশীল ওয়েটল্যান্ড রক্ষা করেছি, মাছের মই স্থাপন করেছি, নতুন অয়েস্টার রিফ তৈরি করেছি, কেল্প চাষ অগ্রসর করেছি এবং আমরা জলজ পরিবেশে প্রবেশের পূর্বেই দূষিত ঝড়ের পানি ফিল্টার করেছি। এখন আমাদেরকে অবশ্যই নতুন সমস্যা ও হুমকির সমাধান করতে হবে, যার মধ্যে আছে বর্জ্য পানি থেকে আমাদের উপসাগরসমূহে অতিরিক্ত নাইট্রোজেন, ক্ষতিকর শৈবাল প্রস্ফুটন, বর্ধিত প্লাস্টিক দূষণ, এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব যেমন সাগরের অম্লীয়করণ এবং বর্ধিত সাগরের উচ্চতা। নতুন পরিকল্পনাটি আমাদের প্রিয় সাউথ শোর এস্‌টুয়ারি রিজার্ভ পুনর্বাসন ও রক্ষা করার একটি অত্যাবশ্যকীয় রোডম্যাপ প্রদান করে। NYS-র স্টেট সচিব রড্রিগেজ এবং NYS স্টেট ডিপার্টমেন্টের পরিশ্রমী কর্মীদের ধন্যবাদ আমাদের উপসাগর পুনর্বাসনে তাদের নিবেদনের জন্য।"

**দূষণ, ময়লা ফেলা বন্ধ করুন এবং হার্বার বাঁচান অপারেশনের (Operation S.P.L.A.S.H.) প্রেসিডেন্ট রব ওয়েল্টনার বলেন,** "নিজেদের বেশির ভাগ সময় ও প্রচেষ্টা সাউথ শোর এস্টুয়ারি রিজার্ভে ব্যয় করে এমন একটি সংগঠন হিসেবে, আমরা নিজের চোখে দেখেছি যে সার্বিক ব্যবস্থাপনা পরিকল্পনাকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে এর অজস্র ওয়াটারওয়ে, লবণের মার্শ এবং সৈকতে অনেক ইতিবাচক পরিবর্তন আনা হয়েছে। আমরা শুধু কল্পনাই করতে পারি যে SSER আমাদের সকলের জন্য আরো কতটা ভালো হতে পারে নতুন আপডেট করা "CMP" ব্যবহার করা হয় এবং আমরা সকলে উপসাগর ফিরিয়ে আনার জন্য একত্রে কাজ করতে পারি।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418